নীল   দিগন্তে ওই ফুলের আগুন লাগল,
বসন্তে সৌরভের শিখা জাগল ॥
আকাশের   লাগে ধাঁধা  রবির আলো ওই কি বাঁধা ॥
বুঝি    ধরার কাছে আপনাকে সে মাগল,
সর্ষেক্ষেতে ফুল হয়ে তাই জাগল ॥
নীল   দিগন্তে মোর বেদনখানি লাগল,
অনেক কালের মনের কথা জাগল ।
এল আমার হারিয়ে-যাওয়া   কোন্ ফাগুনের পাগল হাওয়া ।
বুঝি    এই ফাগুনে আপনাকে সে মাগল,
সর্ষেক্ষেতে ঢেউ হয়ে তাই জাগল ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Paraj-Basanta
Visit www.geetabitan.com for notation and other detail